



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৯ জুলাই ২০২২



বাউবি'র ফরিদপুর আঞ্চলিক কেন্দ্রে প্রো-উপাচার্য ড. মাহবুবা নাসরীন এর মতবিনিময়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ২৯ জুলাই ২০২২ শুক্রবার বাউবি'র বিভিন্ন প্রোগ্রামের স্টাডিসেন্টারের অধ্যক্ষ, সমন্বয়কারী এবং ফরিদপুর আঞ্চলিক কেন্দ্র ও আওতাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন তাঁর বক্তব্যে বাউবি'র বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি ও ঝরে পড়া শিক্ষার্থীদেরকে কিভাবে শিক্ষায় ফিরিয়ে আনা যায় সে বিষয়ে আলোকপাত করেন।

ড. মাহবুবা নাসরীন সমন্বয়কারীগণকে বাউবি'র শিক্ষার্থীদের বিষয়ে আরও যত্নবান হওয়া ও ভর্তির পরে শিক্ষার্থীরা যাতে ঝড়ে না পরে এবং কিভাবে তাদের পড়াশুনায় আরো মনোযোগী ও আগ্রহী করা যায় সে বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। এসময় তিনি বাউবি'র বিভিন্ন স্টাডিসেন্টারের অধ্যক্ষ, সমন্বয়কারী, এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন সমস্যা ধৈর্য সহকারে শোনে এবং সে সম্পর্কিত সমাধান ও করণীয় নিয়ে আলোকপাত করেন। মতবিনিময় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফরিদপুর আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম পরিচালক মোঃ আইউব আলী।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)